




দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণের পরিকল্পনা এগোচ্ছে: সেতুমন্ত্রী



সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। ছবি : সংগৃহীত

সরকার দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণের পরিকল্পনা নিয়ে কাজ করছে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেন, প্রস্তাবিত তিনটি পরিকল্পনার মধ্যে দৌলতদিয়া-পাটুরিয়া নৌপথে সেতু নির্মাণের বিষয়টিই সবচেয়ে এগিয়ে রয়েছে।

সোমবার সচিবালয়ে ঈদুল আজহাকে সামনে রেখে নিরাপদ ঈদযাত্রা নিশ্চিত করতে আয়োজিত প্রস্তুতি সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী জানান, দ্বিতীয় পদ্মা সেতুর সম্ভাব্যতা সমীক্ষা ইতোমধ্যে শেষ হয়েছে। এখন প্রকল্পের অর্থায়ন নিয়ে আলোচনা চলছে। পাশাপাশি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অন্যান্য প্রস্তুতিমূলক কাজও এগিয়ে নেওয়া হচ্ছে।

তিনি বলেন, দৌলতদিয়া-পাটুরিয়া রুটে নতুন সেতু নির্মিত হলে যানবাহনের চাপ কমবে এবং সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণেও ইতিবাচক প্রভাব পড়বে।

LENS ASIA